

ভিশন

ফার্মেসি শিক্ষা পরিচালিত হয় এরূপ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণায় উৎকর্ষতা অর্জন, স্থায়ী আর্থ-সামাজিক উন্নয়ন ও জ্ঞান ভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউট অব হেল্থ টেকনোলজিসমূহকে সার্বিক সুবিধা প্রদান নিশ্চিত করা।

মিশন

- ফার্মেসি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম এবং বাংলাদেশে উচ্চস্তরের ফার্মেসি শিক্ষা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনা প্রণয়ন।
- স্থায়ী আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ফার্মেসি শিক্ষা পরিচালিত হয় এরূপ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রমের প্রাসংজিক বিষয়াদির গুণগত মানোন্নয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা।
- বিশ্ববিদ্যালয়গুলোতে উদীয়মান ফার্মাসিউটিক্যাল প্রযুক্তি নিশ্চিতকরণ এবং উদ্ভাবনী গবেষণার জন্য অবকাঠামো প্রতিষ্ঠার লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা।
- জাতীয় উন্নয়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় এবং ঔষধ শিল্প প্রতিষ্ঠানের মধ্যে পারস্পারিক যোগাযোগ স্থাপনে উৎসাহিতকরণ।
- বাংলাদেশে চিকিৎসা ক্ষেত্রে ফার্মেসি পেশার বিস্তার ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা।